

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২১, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ই আগস্ট ২০০৩/৩রা ভাদ্র ১৪১০

এস.আর.ও নং ২৪৭-আইন/২০০৩।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৮০-আইন/২০০৩, তারিখ ১৪ই জুন, ২০০৩ ইংরেজী মোতাবেক ৩১শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর Rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য বগুড়া জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর Rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(ii) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর Rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১০ই ভাদ্র, ১৪১০ বাংলা মোতাবেক ২৫শে আগস্ট, ২০০৩ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি নন্দীগ্রাম মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(৯২১৭)

মূল্য : টাকা ১.০০

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে,এল,নং	দাগ নম্বর
১	২	৩	৪	৫
(১)	নন্দীগ্রাম	নন্দীগ্রাম	২০৪	১—১০৯৪
(২)	নন্দীগ্রাম	বাগ্রাম	২০৭	১—১৫৮
(৩)	নন্দীগ্রাম	দামগাড়া	২০৬	১—৬৫৩
(৪)	নন্দীগ্রাম	ঢাকইর	১৭৮	১—৫৭৮
(৫)	নন্দীগ্রাম	নামুইট	১৭৯	১—১৪৪৯
(৬)	নন্দীগ্রাম	বেলঘড়িয়া	১৮০	১—২৩৬
(৭)	নন্দীগ্রাম	বৈলগ্রাম	২০৩	১—৪৮১
(৮)	নন্দীগ্রাম	ওমরপুর	২৫১	১—৩৬৪
(৯)	নন্দীগ্রাম	গোন্দইল	৩১০	১—৫২০
(১০)	নন্দীগ্রাম	কালিকাপুর	২০১	১—৬০২
(১১)	নন্দীগ্রাম	ফোকপাল	২৪	১—১০৬৭
(১২)	নন্দীগ্রাম	বৈলগ্রাম অরজি	১৮১	১—১৫৬
(১৩)	নন্দীগ্রাম	বাজেয়াপ্তি বৈলগ্রাম	২০২	১—১১২৬
(১৪)	নন্দীগ্রাম	পূর্ব কুচাই কুড়ি	২৪৯	১—১১৯
(১৫)	নন্দীগ্রাম	বিষ্ণুপুর	২৫০	১—১০৯
(১৬)	নন্দীগ্রাম	ভাতুড়িয়া পাড়া	২০৪	১—৩৮

রষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার
উপ-সচিব(পৌর)।